

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

সভাপতি মো: নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)
সভার তারিখ ২০ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় বেলা ২.০০ টা
স্থান সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেওয়া হল।

“সভার অলোচ্য বিষয়সমূহ”

- ০১। নিজ অফিসের উদ্ভাবন ধারণা, সেবা সহজীকরণ ও ডিজিটাইজ সেবা;
- ০২। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি;
- ০৩। বিবিধ।


ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উপস্থিত সকলের অংশগ্রহণে পুঞ্জানুপুঞ্জ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	২৪ জানুয়ারি'২২ তারিখের কার্যবিবরণী গবেষণা কর্মকর্তা সভায় উপস্থাপন করেন এবং বিষয়গুলো আলোচনা ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী পাঠান্তে তা দৃষ্টিকরণ করা হয় এবং সে অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে।	ইনোভেশন টিম
২.	নিজ অফিসের উদ্ভাবন ধারণা, সেবা সহজীকরণ ও ডিজিটাইজ সেবা	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ অনুযায়ী এ ইনস্টিটিউটের জন্য উদ্ভাবন ধারণা, সেবা সহজীকরণ এবং ডিজিটাইজ সেবার বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। গবেষণা কর্মকর্তা জানান ক) ১.১.১ অনুযায়ী একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের আওতায় -প্রাথমিক চিকিৎসার জন্য মেডিক্যাল সেন্টার স্থাপন, ১.৩.১ অনুযায়ী ন্যূনতম একটি সেবা ডিজিটাইজড এর আওতায়- পাঠ্যধারায় সম্পদব্যক্তির মূল্যায়ন অনলাইনে Google Form এর মাধ্যমে সম্পাদন এবং এবং খ) ১.২.১ অনুযায়ী একটি সেবা সহজীকরণের আওতায় - প্রশিক্ষণার্থীদের পাঠ্যধারায় অংশগ্রহণের জন্য আবেদন সংক্রান্ত অফিস আদেশ যথাসময়ে জারি করা হয়। সভায় সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে কাজ করা জন্য ধন্যবাদ জানান এবং কার্যক্রমগুলো বাস্তবায়ন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	নির্বাচিত কার্যক্রমগুলোর বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।	ইনোভেশন টিম
৩.	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিজ নিজ অধিক্ষেত্রে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক ৪র্থ প্রশিক্ষণ কর্মশালা গত ১৯.০৪.২০২২ তারিখ অনুষ্ঠিত হয় এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অবহিতকরণ ৩য় কর্মশালাটি ১৫.০২.২০২২ অনুষ্ঠিত হয়। নিজ নিজ অধিক্ষেত্রে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক ৪টি প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অবহিতকরণ ৪র্থ প্রশিক্ষণ কর্মশালা আগামী ২৪.০৪.২০২২ আয়োজনের জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অবহিতকরণ ৪র্থ প্রশিক্ষণ কর্মশালা যথাসময়ে আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম

চলমান পাতা

৪. উদ্ভাবন খাতে বরাদ্দ	গবেষণা কর্মকর্তা জানান উদ্ভাবন খাতে (কোড নং ৩২৫৭১০৫) ও (তিন) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দকৃত টাকা ইনোভেশনের বিভিন্ন ক্ষেত্রে ব্যয় করার জন্য কার্যক্রম চলমান রয়েছে।	উদ্ভাবন খাত কোডে বরাদ্দকৃত টাকা দ্রুত ব্যয় করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম
৫. ওয়েবসাইট হালনাগাদকরণ	ইনস্টিটিউটের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশযোগ্য সকল তথ্য যথাসময়ে প্রকাশ করতে হবে এবং সকল সেবাবক্স হালনাগাদ রাখতে হবে।	আইসিটি শাখা
৬. ই-নথি কার্যক্রম	ইনস্টিটিউটের ই-নথির কার্যক্রম বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ই-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে মতামত তুলে ধরা হয়।	ইনস্টিটিউটের ই-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য সমন্বয় সভায় একটি প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব দিতে হবে।	ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো: নজরুল ইসলাম
পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) ও
ইনোভেশন অফিসার
ফোন: ৫৫০৭৯৪৩৩

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.২৫৯.২১. ৭৬৪(৯)

তারিখ: ৮ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সমপ্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) উপ-পরিচালক (প্রশাসন), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৩) প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৪) উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৫) উপ-পরিচালক (অর্থ), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৬) গবেষণা কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট।
- ৭) মহাপরিচালক মহোদয়ের পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল/প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান) এর পিএ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল/প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান) এর সদয় অবগতির জন্য)।
- ৯) অফিস নথি।